যুগান্তর

MAR 13 2002

৪ ৬

# মাদ্রাসা বোর্ড কর্তৃপক্ষের প্রতি

আরবি সাহিত্য তুলনামূলকভাবে কঠিন। অথচ মাদ্রাসা শিক্ষা বোর্ড এই কঠিন বিষয়টির পরীক্ষা নিচ্ছেন এক অদ্ভুত পদ্ধতিতে। যাকে বলে সম্পূর্ণ নিয়মবহির্ভূত। আরবি বিষয়ের তুলনায় সহজ বিষয় বাংলা এবং ইংরেজি বিষয়ের পরীক্ষা, যেখানে নেয়া হচ্ছে ৩টি বড় প্রশ্নের মধ্যে ১টি এবং ৩টি ব্যাখ্যার মধ্যে ১টি জবাব। সেখানে আরবি ১ম পত্রের পরীক্ষা নেয়া হচ্ছে ৩টি প্রশ্নের মধ্যে ২টি এবং ৩টি ব্যাখ্যার মধ্যে ২টি জবাব। অথচ বাংলা, ইংরেজি, পাঠ্য অধ্যায়ের তুলনায় আরবি পাঠ্য অধ্যায় সংখ্যায় বেশি। বাংলা পাঠ্য অধ্যায় হচ্ছে গদ্য ৮টি, পদ্য ৮টি, ইংরেজি গদ্য ৪টি, পদ্য ৭টি। অপরদিকে আরবি ১ম পত্র পাঠ্য অধ্যায় হচ্ছে গদ্য ১২টি, পদ্য ১২টি। এখন একজন ছাত্রকে পরীক্ষায় পাস করতে হলে কমপক্ষে পাঠ প্রতি বড় ২টি, ছোট ৩টি এবং ব্যাখ্যা ৩টি করে প্রশ্ন শিখতে হবে। একজন ছাত্রের পক্ষে এতগুলো প্রশ্ন শেখা সত্যিই কঠিন। তাই পরীক্ষা নিয়ন্ত্রকসহ মাদ্রাসা বোর্ড কর্তৃপক্ষের কাছে আমাদের দাবি-

(ক) আলীম বাংলা ইংরেজি পাঠ্য অধ্যায়ের ন্যায় আরবি (১ম পত্র) পাঠ্য অধ্যায় সীমিত রাখা হোক।

(খ) ২টি জবাবের পরিবর্তে ১টি জবাব নেয়ার ব্যবস্থা করা হোক।

(গ) প্রতিটি বড় প্রশ্ন ২০ নম্বর এবং প্রতিটি ব্যাখ্যা ১০ নম্বর নির্ধারণ করা হোক।

(ঘ) অথবা, বড় প্রশ্ন এবং ব্যাখ্যা ৩টির পরিবর্তে ৫/৬টি করে বৃদ্ধি করা হোক। যাতে পরীক্ষার্থীরা যে কোন দুটির জবাব দিতে সক্ষম হয়। আশা করি সম্মানিত পরীক্ষা নিয়ন্ত্রক ও মাদ্রাসা বোর্ড কর্তৃপক্ষ আমাদের দাবিগুলো সক্রিয়ভাবে বিবেচনা করবেন।

**মোঃ হাদিছ, মোঃ আনোয়ার, কেএম দেলোয়ার, মোঃ আবদুল হক, মোঃ নূরউদ্দীন, সাইফুল**
আলীম পরীক্ষার্থী ২০০২
মৌলভীবাজার সিনিয়র মাদ্রাসা